

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৯.২০১৫-

তারিখঃ ----- খ্রিঃ।

বিষয় : মূলবেতন নির্ধারণ প্রসঙ্গে।

জনাব মোঃ মুস্তাকীম মীরান, ক্যাশিয়ার, যুব উন্নয়ন অধিদপ্তর, নিয়মতপুর, নওগাঁ; পূর্ববর্তী কর্মস্থল-কাহালু, বগুড়ায় কর্মকালীন তার বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় অত্র দপ্তরের ২৫-০৯-২০১৬ খ্রিঃ তারিখের ৩৪.০১.০০০০. ০০৭. ২৭. ০২৯.২০১৫-২৭০ সংখ্যক স্মারকে নিম্নোক্ত দণ্ডারোপ করা হয়ঃ

- ক) সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিতে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ই) বিধি মতে তার মূলবেতন পরবর্তী ০৩(তিন) বছরের জন্য বর্তমান বেতনস্কেলের ০৩(তিন) ধাপ নিম্নে অবনমিতকরণ দণ্ড আরোপ করা হয়; শাস্তির মেয়াদান্তে তিনি শাস্তি কালের জন্য কোন বকেয়া প্রাপ্য হবেন না মর্মে আদেশে উল্লেখ করা হয়;
- খ) একই সাথে তার কর্তৃক আত্মসাতকৃত যুব ঋণের ১৮,৭১,৫৪১/- (আঠার লক্ষ একাত্তর হাজার পাঁচশত একচল্লিশ) প্রতিমাসে তার মূল বেতনের ১/৩ (এক তৃতীয়াংশ হারে) হারে কর্তনপূর্বক সংশ্লিষ্ট খাতে জমাদানের আদেশ দেয়া হয়; এইরূপ কর্তনের পর তার চাকুরিকালে সম্পূর্ণ অর্থ পরিশোধ না হলে অবশিষ্ট টাকা তার গ্র্যাচুইটি হতে সমন্বয় করারও নির্দেশনা দেয়া হয়।

উক্ত আদেশের প্রেক্ষিতে স্থানীয় কর্তৃপক্ষ কাহালু, বগুড়া তার মূলবেতন ৮,৮০০/- (আট হাজার আটশত) টাকায় নির্ধারণ করেন। এ বিষয়ে উপ-পরিচালক, নওগাঁর প্রেরিত পত্র, আবেদনকারীর আবেদন ও সংযুক্ত সার্ভিস বহি পর্যালোচনায় দেখা যায় যে, ৯৭০০-২৩৪৯০/- টাকা বেতনস্কেলে ০১-০৭-২০১৬ খ্রিঃ তারিখে তার মূলবেতন ১৪,৩৯০/- টাকা। প্রধান কার্যালয় হতে প্রদত্ত দণ্ডারোপ মোতাবেক ২৫-৯-২০১৬ খ্রিঃ তারিখে তার মূল বেতন (জাতীয় বেতনস্কেল'২০১৫ মোতাবেক ৯৭০০-১০১৯০-১০৭০০-১১২৪০-১১৮১০-১২৪১০-১৩০৪০-১৩৭০০-১৪৩৯০-১৫১১০-১৫৮৭০-১৬৬৭০-১৭৫১০-১৮৩৯০-১৯৩১০-২০২৮০-২১৩০০-২২৩৭০-২৩৪৯০/-) টাকা বেতনস্কেলের তিনধাপ নিম্নে অর্থাৎ ১২,৪১০/- টাকায় নির্ধারিত হবে।

এক্ষনে, জনাব মোঃ মুস্তাকীম মীরান, ক্যাশিয়ার, যুব উন্নয়ন অধিদপ্তর, নিয়মতপুর, নওগাঁ-এর মূলবেতন বর্ণিত স্কেলে ২৫-৯-২০১৬ খ্রিঃ তারিখে ১২,৪১০/- (বার হাজার চারশত দশ) টাকায় নির্ধারণ করা হলো।

স্বাক্ষরিত/-  
(শিশির কুমার রায়)  
যুগ্ম-সচিব  
পরিচালক(প্রশাসন ও অর্থ)  
ফোনঃ ৯৫৫০৮৬৩

উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,  
কাহালু, বগুড়া/নিয়মতপুর, নওগাঁ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৯.২০১৫-৭২

তারিখঃ ২৩/৮/১৭ খ্রিঃ।

- অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।
- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া/নওগাঁ।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কাহালু, বগুড়া।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, নিয়মতপুর, নওগাঁ-কে পত্রের নির্দেশনা মোতাবেক তার চাকরি বহি সংশোধন করতে এবং অভিযুক্তের বেতন হতে কর্তনকৃত অর্থ সংশ্লিষ্ট খাতে জমা করতে অনুরোধ করা হলো।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৭। জনাব মোঃ মুস্তাকীম মীরান, ক্যাশিয়ার, যুব উন্নয়ন অধিদপ্তর, নিয়মতপুর, নওগাঁ।
- ০৮। অফিস কপি।

(মোঃ আতাউর রহমান)  
সহকারী পরিচালক(শৃঙ্খলা)  
ফোন : ৯৫৫১৮৫৯